



সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২০-২১ অর্থবছরের দ্বিতীয় সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	০১.১১.২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সময়ঃ বেলা ০২.০০টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেনঃ

১.০ আলোচ্য সূচি-১: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ চূড়ান্তকরণ।

১.১ আলোচনাঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ৫.১ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাহাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ২(দুই) টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৩(তিন) টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক ৩(তিন) টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ১(এক) টি এবং কারা অধিদপ্তর কর্তৃক ১(এক) টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণার বিস্তারিত সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ প্রতিটি উদ্ভাবনী উদ্যোগ/ধারণার উপর গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

১.২ সিদ্ধান্তঃ

ক) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ ইনোভেশন টিম কর্তৃক ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা চূড়ান্ত করবে।

খ) চূড়ান্তকৃত এক বা একাধিক উদ্ভাবনী উদ্যোগ/ধারণা স্ব স্ব অফিস প্রধান কর্তৃক অনুমোদনক্রমে ০৩ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে নিজ নিজ অফিসের ওয়েবসাইটে (ইনোভেশন সংক্রান্ত সেবা বক্স ও ইনোভেশন কর্নার) আপলোড করবে।

গ) আগামী ১৯ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে স্ব স্ব অফিস ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারী করবে।

ঘ) অফিস আদেশ স্ব স্ব অফিসের ওয়েবসাইটের অফিস আদেশ ও ইনোভেশন কর্নার অংশে আপলোড করবে।

২.০ আলোচ্য সূচি-২: বিবিধ।

২.১ আলোচনাঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ৯.২ অনুযায়ী নভেম্বর ২০২০ এর মধ্যে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং এর অংশ হিসাবে কারা অধিদপ্তরের উন্মুক্ত কারাগার পরিদর্শন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

২.২ সিদ্ধান্তঃ

ক) কারা অধিদপ্তর আগামী ১৫ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে কারা অধিদপ্তরের উন্মুক্ত কারাগার পরিদর্শন (পরিদর্শনকালে সম্ভাব্য শিক্ষণীয় বিষয়সমূহ উল্লেখপূর্বক) করার প্রস্তাবনা প্রেরণ করবে।


সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) জনাব নিপু হালদার, সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির

উপসচিব ও সদস্য-সচিব, ইনোভেশন টিম